প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপরিধি (টিওআর)

আশ্রয়ণ-২ (৪র্থ সংশোধিত)

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শের-ই-বাংলানগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১।	প্রকল্পের নাম	:	আশ্রয়ণ-২ (৪র্থ সংশোধিত)		
২।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	:	প্রধানমন্ত্রীর কার্যালয়		
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	প্রধানমন্ত্রীর কার্যালয়		
৪।	প্রকল্পের অবস্থান	:	বিভাগ	জেলা	উপজেলা
			সমগ্র বাংলাদেশ যেখানে উপযোগী ও প্রয়োজনীয় জমি পাওয়া যাবে (সমগ্র বাংলাদেশ ব্যাপী)		

	বিবরণ	:	প্রকল্প ব্যয়		হ্রাস/বৃদ্ধি
৫।	১) মূল প্রকল্প		১১৬৯১৭.৮৪ লক্ষ টাকা		--
	২) ১ম সংশোধিত প্রকল্প		২২০৪১৯.৭৮ লক্ষ টাকা		মূল ডিপিপি'র তুলনায় আর্থিক বৃদ্ধি ১০৩৫০১.৯৪ লক্ষ টাকা (৮৮.৫২৫%)
	৩) ২য় সংশোধিত প্রকল্প		৪৮৪০২৮.১০ লক্ষ টাকা		মূল ডিপিপি'র তুলনায় আর্থিক বৃদ্ধি ৩৬৭১১০.২৬ লক্ষ টাকা (৩১৩.৯৯%)
	৪) ৩য় সংশোধিত প্রকল্প		৪৮২৬১৬.৩৩ লক্ষ টাকা		মূল ডিপিপি'র তুলনায় আর্থিক বৃদ্ধি ৩৬৫৬৯৮.৪৯ লক্ষ টাকা (৩১২.৭৮%)
	৫) ৪র্থ সংশোধিত প্রকল্প		১১১৪২৮৭.৭৮ লক্ষ টাকা		মূল ডিপিপি'র তুলনায় আর্থিক বৃদ্ধি ৯৯৭৩৬৯.৯৪ লক্ষ টাকা (৮৫৩.০৫%)
৬।	বাস্তবায়নকাল	:	শুরুর তারিখ	সমাপ্তির তারিখ	হ্রাস/বৃদ্ধি
	১) মূল প্রকল্প		জুলাই, ২০১০	জুন, ২০১৪	--
	২) ১ম সংশোধিত প্রকল্প		জুলাই, ২০১০	জুন, ২০১৭	মূল ডিপিপি'র তুলনায় সময় বৃদ্ধি ৩ বছর (৭৫%)
	৩) ২য় সংশোধিত প্রকল্প		জুলাই, ২০১০	জুন, ২০১৯	মূল ডিপিপি'র তুলনায় সময় বৃদ্ধি ৫ বছর (১২৫%)
	৪) ৩য় সংশোধিত প্রকল্প		জুলাই, ২০১০	জুন, ২০২২	মূল ডিপিপি'র তুলনায় সময় বৃদ্ধি ৮ বছর (২০০%)
	৫) ৪র্থ সংশোধিত প্রকল্প		জুলাই, ২০১০	জুন, ২০২৩	মূল ডিপিপি'র তুলনায় সময় বৃদ্ধি ৯ বছর (২২৫%)

৭। প্রকল্পের লক্ষ্যমাত্রা

- সরকার কর্তৃক গৃহীত নীতিমালা অনুযায়ী উপজেলা প্রশাসনের মাধ্যমে ৪,৮৫,০৯২ ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল ও অসহায় পরিবার পুনর্বাসন করা;
- ২ শতাংশ খাস জমি/ খাসজমি, রিজিউমকৃত জমি, দানকৃত জমি বন্দবস্ত করে, প্রয়োজনে জমি ক্রয় পূর্বক অথবা যার জমি আছে। কিন্তু ঘর করার সামর্থ নেই তার নিজ জমিতে ২.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত গৃহ নির্মাণের মাধ্যমে ৪,০৩,৮৫২টি ছিন্নমূল অসহায় পরিবারকে পুনর্বাসন করা;
- খাসজমি, রিজিউমকৃত জমি, দানকৃত জমি চিহ্নিতপূর্বক বিভিন্ন প্রকল্পগ্রামে ব্যারাক/বহুতল ভবন ৮১,২৪০টি ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল, অসহায় উপকারভোগী পুনর্বাসন করা;
- ২০১০-১১ অর্থবছর থেকে ২০২০-২১ পর্যন্ত ২,৬৬,৫৬১টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছর থেকে ২০২২-২৩ অর্থবছরের মধ্যে ২,০০,৬৬৬টি পরিবারকে ২ শত দানকৃত/ ক্রয়কৃত বন্দোবস্ত দিয়ে একক গৃহ নির্মাণ, যার জমি আছে। কিন্তু ঘর নেই তার নিজ জমিতে নির্মাণের মাধ্যমে ও বিশেষ পরিস্থিতিতে জরুরী প্রয়োজনে (Need Base) গৃহ প্রদানের মাধ্যমে ২১,২৫৩টি পরিবারকে বিভিন্ন প্রকল্পগ্রামে ব্যারাক/ বহুতল ভবন নির্মাণ পুনর্বাসন ও গৃহ নির্মাণ করা;
- যে সমস্ত সিআইসিট ব্যারাক পুরাতন জরাজীর্ণ কিন্তু মেরামত উপযোগী নয় সেগুলো পুনঃনির্মাণ করা;

- প্রায় ১,১১০টি কমিউনিটি সেন্টার নির্মাণ, প্রয়োজন মাফিক পুকুর খনন এবং স্থানীয় উদ্যেগের মাধ্যমে যৌথ গো-চারণ ক্ষেত্র তৈরী;
- প্রকল্পগ্রামে পুকুরে প্রায় ৫৯০টি ঘাটলা, অভ্যন্তরীণ রাস্তা, পাকা ড্রেন, বক্স কালভার্ট ও স্লোপ প্রোটেকশন ইত্যাদির কাজ করা এবং ভূমি উন্নয়নের মাধ্যমে গ্রহপালিত পশুর দূর্যোগকালীন সুরক্ষা প্রদান করা;
- ব্যবহারিক এবং কারিগরি প্রশিক্ষণ প্রদান ও ঋণ প্রদানের মাধ্যমে আত্বকর্মসংস্থান এবং আয়বর্ধক কাজের সুযোগ সৃষ্টি করা; পুনর্বাসিত উপকারভোগীদের নিয়ে রেজিষ্ট্রার্ড সমবায় সমিতি গঠন করা, যার মাধ্যমে তারা যেন উৎপাদনশীল কাজে যেমন রেশমচাষ, পোল্ট্রি, মৎস্য চাষ, মুক্তা চাষের মাধ্যমে আত্বনির্ভরশীল করে নিজেদেরকে গড়ে তুলতে পারে;
- সকল শিশুর প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা এবং প্রাপ্ত বয়স্কদের বয়স্ক শিক্ষা নিশ্চিত করা;
- পুনর্বাসিত পরিবারের ঋণসুবিধা/প্রণোদনা দেয়া যাতে তারা আয়বর্ধক কার্যক্রমে যেমন পোল্ট্রি, ছাগল পালন, গরু মোটাতাজাকরণ, হস্তশিল্প, মৎস্য চাষ, রেশম চাষ করতে পারে;
- সরকারের প্রচলিত নীতিমালা অনুযায়ী পুনর্বাসিত পরিবারকে ৩ মাসব্যাপী ভিজিএফ সুবিধা প্রদান করা;
- উপকারভোগীদের আর্সেনিক/লবনাক্ত মুক্ত পানির জন্য গভীর নলকূপের ব্যবস্থা করা এছাড়া পিএসএফ, পাতকূয়া, রেইন হারভেষ্টের মাধ্যমে সুপেয় পানি নিশ্চিত করা;
- উপকারভোগীদের বিভিন্ন রকম উন্নয়নমূলক কার্যক্রমের জন্য সরকারী/আধাসরকারী বিভাগ ও এনিজিওর মাধ্যমে সহযোগিতা করা;
- জলবায়ু পরিবর্তনের প্রভাব ও পরিবেশ উন্নয়নের জন্য আশ্রয়ণ প্রকল্পগ্রামে বৃক্ষ রোপণ করা;
- আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে প্রত্যেকটি আশ্রয়ণ প্রকল্পগ্রামকে একটি আদর্শগ্রাম হিসাবে গড়ে তোলা; এবং
- ২ শতাংশ খাস জমি বন্দোবস্তপূর্বক অথবা প্রয়োজনে জমি ক্রয় করে একক গৃহ নির্মাণ করা।

৮। শেখ হাসিনা মডেলের মূল ছয়টি বৈশিষ্ট্যঃ

অন্তর্ভুক্তিমূলক উন্নয়নে ‘শেখ হাসিনা মডেল’

১. উপার্জন ক্ষমতা ও সঞ্চয় বৃদ্ধি করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করা;

২. সম্মানজনক জীবিকা ও সামাজিক মর্যাদা প্রতিষ্ঠা করা;

৩. নারীদের জমিসহ ঘরের অর্ধেক মালিকানা দিয়ে নারীর ক্ষমতায়ন করা;

৪. প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা ও সক্ষমতা বাড়িয়ে মানবসম্পদ উন্নয়ন করা;

৫. ব্যাপক হারে বনায়ন ও বৃক্ষরোপন করে পরিবেশের উন্নতি সাধন করা;

৬. গ্রামেই শহরের সুযোগ-সুবিধা নিশ্চিত করা;

৯। প্রকল্পের বিশেষত্বসমূহ:

ক. নারীর ক্ষমতায়ন নিশ্চতকরণ:

ভূমিহীন, গৃহহীন, দুর্দশাগ্রস্ত ও ছিন্নমূল পরিরের স্বামী-স্ত্রীর যৌথ নামে ভূমি ও গৃহের মালিকানা স্বত্ব প্রদান করা হয়। এক্ষেত্রে প্রতিবন্ধী, নদীভাঙনে ক্ষতিগ্রস্ত পরিবার, মুক্তিযোদ্ধা, তৃতীয় লিঙ্গ (হিজড়া), বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যক্তদের বিশেষ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। পুনর্বাসিত পরিবার যেন ভবিষ্যতে মালিকানাসংক্রান্ত কোনো জটিলতায় না পড়েন সেজন্য উপজেলা প্রশাসন কর্তৃক জমির মালিকানা স্বত্বের রেজিস্টার্ড দলিল/কবুলিয়ত নামজারি খতিয়ান ও দাখিলানাসহ সরেজমিনে দখল হস্তান্তর করা হয়।

খ. সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ:

সরকারি নীতিমালা অনুযায়ী সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় মুক্তিযোদ্ধা, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য কর্মসূচির সুবিধাপ্রাপ্তির বিষয়টি অগ্রাধিকারসহ বিবেচনা করা হয়।

গ. মানবসম্পদ উন্নয়ন:

পুর্নবাসিত সদস্যদের বিভিন্ন উৎপাদনমুখী ও আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্ত করার জন্য ব্যবহারিক ও কারিগরি প্রশিক্ষণ দেয়া হয়।

ঘ. অর্থনৈতিক উন্নয়ন:

আশ্রয়ণ প্রকল্প ও কারিগরী বিভিন্ন সংস্থা থেকে তাদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ক্ষুদ্র ঋণের ব্যবস্থা করা হয়। এছাড়া অন্যান্য আর্থ-সামাজিক সংস্থা ও এনজিওকেও এসব কর্মসূচির সাথে সম্পৃক্ত করা হয়।

ঙ. গ্রামেই শহরের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ:

পুর্নবাসিত পরিবারের জন্য বিনামূল্যে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় এবং প্রকল্প স্থানে নিরাপদ সুপেয় পানির জন্য নলকূপের সংস্থার করা হয়। পুর্নবাসিত পরিবারের জন্য কমিউনিটি সেন্টার, মসজিদ/মন্দির ও কবরস্থানসহ পুকুর খনন ও অভ্যন্তরীণ যোগাযোগের জন্য রাস্তা নির্মাণ করে দেওয়া হয়।

চ. পরিবেশ উন্নয়ন:

প্রকল্প এলকায় ফলদ, বনজ ও ঔষধি বৃক্ষরোপণ করাসহ কৃষিকাজে গৃহহীনদের উৎসাহ প্রদান করা হয়।

ছ. উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ:

পুর্নবাসিত পরিবারের জন্য স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সেবা প্রদান করা হয়।

১০। প্রকল্পের উদ্দেশ্য:

- বাংলাদেশের ভূমিহীন, গৃহহীন, ছিন্নমূল, অসহায় জনগোষ্ঠির পুনর্বাসন;
- আয়বর্ধক কার্যক্রম সৃষ্টির মাধ্যমে উপকারভোগীর দারিদ্র্য বিমোচন; এবং
- ঋণ প্রদান ও প্রশিক্ষণের মাধ্যমে জীবিকা নির্বাহে সক্ষম করে তোলা।

১১। নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়নের উদ্দেশ্য:

১) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা এবং প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে আউটপুট পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা;

২) প্রকল্পের উপকারভোগী নির্বাচন, জায়গা প্রস্তুতকরণ, গৃহ নির্মাণ কাজের ধাপসমূহসহ যাবতীয় প্রক্রিয়া পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা;

৩) প্রকল্পের মাধ্যমে বিতরণকৃত গৃহের ডিজাইন ও প্রাক্কলিত ব্যয়ের বিষয়ে পর্যালোচনা;

৪) প্রকল্পের বর্তমান অবস্থা ও উপকারভোগীদের উপর আর্থ-সামাজিক প্রভাব (প্রকল্পের বাস্তবায়নের ফলে উপকারভোগীদের দারিদ্র্য বিমোচন, আয় বৃদ্ধি, স্বাস্থ্য, শিক্ষা, নারী ক্ষমতায়ন ইত্যাদিতে পরিবর্তন) উদ্ঘাটন ও বিশ্লেষণ করা;

৫) ডিজিটাল পদ্ধতিতে সমীক্ষা/ডিজিটাল জরিপ কার্যক্রম পরিচালনা, তথ্য বিশ্লেষণপূর্বক প্রশ্নমালার ভিত্তিতে তথ্যভান্ডার তৈরি এবং জরিপলব্ধ তথ্য বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপন;

৫) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা ও বিশ্লেষণ করা;

৬) প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতার (Success Stories) বিষয়ে আলোকপাত করা;

৭) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান করা।

১২। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

প্রাপ্ত তথ্য মতে, অক্টোবর'২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৯.১৮% ও বাস্তব অগ্রগতি ৫২%।

খ। পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১। **প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে;**

(১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা

(৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনানা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয় তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড় বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

(১১) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

(১২) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন;

(১৩) প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৪) নির্মাণকাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুণগতমান যাচাই (প্রয়োজনে টেস্টের মাধ্যমে) এবং নির্মিত স্থাপনার গুনগতমান পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৫) সমীক্ষা সম্পন্নের কার্যক্রম অর্থাৎ FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আএমইডিতে দাখিল করতে হবে;

(১৬) প্রকল্পের অডিট কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিটি, অডিট আপত্তি ইত্যাদি;

(১৭) সমীক্ষায় প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(১৮) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী

১৩। নিবিড় পরিবীক্ষণ কাজের জন্য পেশাগত যোগ্যতা:

ক্রঃ নং	পদের ধরন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান	-	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা
২.	পরামর্শক প্রতিষ্ঠানের প্রফেশনাল		
(১)	টিম লিডার	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/পরিসংখ্যান/ উন্নয়ন পরিকল্পনা ও ব্যাবস্থাপনা/ নগর ও অঞ্চল পরিকল্পনা বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি । সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	• সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে কাজের অভিজ্ঞতা; • প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) সংক্রান্ত কাজের অভিজ্ঞতা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান; এবং • প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
(২)	অবকাঠামো নির্মাণ প্রকৌশলী	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং/স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি	• সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা।
(৩)	আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/পরিসংখ্যান/ সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/ সমাজকল্যাণ/ ডেভেলপমেন্ট স্টাডিজ বা সংশ্লিষ্ট বিষয়ে বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি	• আর্থ-সামাজিক গবেষণা/ প্রভাব মূল্যায়ন/ নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।
(৪)	পরিসংখ্যানবিদ	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি	• সমীক্ষা/গবেষণা কার্যক্রম পরিচালনা, তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম এবং বিশ্লেষণে কমপক্ষে ৩ (তিন) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা; • প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।

(৫)	ডিজিটাল জরিপ সমন্বয়ক	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/পরিসংখ্যান/সমাজ বিজ্ঞান/ উন্নয়ন পরিকল্পনা ও ব্যাবস্থাপনা/ নগর ও অঞ্চল পরিকল্পনা বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ।	• সমীক্ষা/ডিজিটাল জরিপ কার্যক্রম পরিচালনা, তথ্য বিশ্লেষণে কমপক্ষে ৩ (তিন) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা; • জরিপলব্ধ তথ্য বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং • জরিপকাজে ব্যাবহার্য ইক্যুইপমেন্ট পরিচালনায় দক্ষতা

১৪। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে:

ক্রমিক	প্রতিবেদনের নাম	সময়কাল
ক।	ইনসেপশন রিপোর্ট (টেকনিক্যাল ২০ + সমীক্ষা তত্ত্বাবধায়ন ২০) কপি	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ২০ + সমীক্ষা তত্ত্বাবধায়ন ২০) কপি	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনিশন কর্মশালার ১৩০ কপি)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
ঘ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১৫। **ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/মূল্যায়ন প্রতিবেদন); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

(মুহাম্মদ আবদুল হান্নান)
মহাপরিচালক ও সভাপতি
TOR চুড়ান্তকরণ সংক্রান্ত কমিটি